তারিখ ... 12 JUL 2017 ...
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

দৈনিক জনকণ্ঠ

# ১১৪ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্সে ভর্তির ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ॥ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন দেশের ১১৪টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ফল প্রকাশ করা হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনলাইনে আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মোঃ আলমগীর, অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঞা, এফ এম আমিনুল হক এবং কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান এ সময় উপস্থিত ছিলেন। প্রথম দিন মেধা তালিকায় নির্বাচিত ৪১ হাজার ৮০০ শিক্ষার্থীর ভর্তির ফল প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফল কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের ২৯টি টেকনোলজিতে এ বছর মোট আসন সংখ্যা ৪৮ হাজার ১৫০টি। এর বিপরীতে আবেদন পড়ে এক লাখ ৫৫ হাজার ৫৭৭টি। পর্যায়ক্রমে বাকি আসনগুলো পূরণ করা হবে। অবশিষ্ট শিক্ষার্থীরা বেসরকারী পলিটেকনিক ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পাবে।